

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫২

১. পবিত্রতা (كتاب الطهارة) পরিচ্ছেদঃ ২. পরিবর্তিত পানির হুকুম

بَابُ الْمَاءِ الْمُتَغَيّرِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا أَبُو سَيَّارٍ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُسْتَوْرِدِ ، حَدَّتَنِي أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ ، نَا ابْنُ وَهْب ، نَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ زَيْدِ بْنِ أَسْلَمَ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَطَاءٍ ، عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ ، قَالَ : سُئِلَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ ، قَالَ : سُئِلَ رَسُولُ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ حَنْ الْحِيَاضِ الَّتِي تَكُونُ فِيمَا بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ ، فَقِيلَ لَهُ : إِنَّ الْكِلَابَ وَالسِّبَاعَ تَرِدُ عَلَيْهَا ، فَقَالَ : " لَهَا مَا أَخَذَتْ فِي بُطُونِهَا ، وَلَنَا مَا بَقِيَ شَرَابٌ وَطَهُورٌ

বাংলা

৫২(১২). মুহাম্মাদ ইবন মাখলাদ (রহঃ) ... আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট মক্কা ও মদীনার মাঝে অবস্থিত পানির চৌবাচ্চাসমূহ সম্পর্কে জিজ্ঞেস করা হলো। তাঁকে আরো বলা হলো, নিশ্চয়ই কুকুর ও হিংস্র পশু তার পানি পান করে থাকে। তিনি বলেনঃ এরা পান করে পেট ভর্তি করে যা নিয়ে যায় তা তাদের এবং অবশিষ্ট পানি আমাদের জন্য পবিত্র ও পানের উপযোগী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ প্নঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন